মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল কলোনি, ঢাকা-১০০০

২০১৯ শিক্ষাবর্ষে বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সনে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত নির্দেশিকা

(ওয়েবসাইট : www.motijheelmodelschoolandcollege.edu.bd)

১। ২০১৯ শিক্ষাবর্ষে প্রতিষ্ঠানের মূলস্কুল (মতিঝিল) বাংলা মাধ্যমে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি (বালিকা-প্রভাতি ও বালক-দিবা), ইংলিশ ভার্সন ১ম থেকে ৫ম শ্রেণি (বালক ও বালিকা-প্রভাতি), ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি (বালিকা-প্রভাতি), ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি (বালক-দিবা) এবং শাখাস্কুল (বাসাবো) বাংলা মাধ্যমে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি (বালিকা-প্রভাতি ও বালক-দিবা), ইংলিশ ভার্সন ১ম ও ২য় শ্রেণি (বালক ও বালিকা প্রভাতি) ভর্তি করা হবে।

২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ভর্তি নীতিমালা-২০১৯ অনুযায়ী ভর্তির জন্য শূন্য আসনের অনুকূলে বিভিন্ন কোটায় (ক্যাচমেন্টসহ) বিধি মোতাবেক আসন সংরক্ষণ করা হয়েছে।

৩। শিক্ষাবর্ষ : শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত।

৪। স্ব-স্ব শ্রেণির (২০১৮) পাঠ্যপুস্তক অনুযায়ী ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হবে।

৫। আবেদনকারীর বয়স :-
১ম শ্রেণিতে ভর্তির জন্য জন্ম তারিখ ১ জানুয়ারি ২০১২ থেকে ৩১ ডিসেম্বর ২০১২ সাল।
২য় শ্রেণিতে ভর্তির জন্য জন্ম তারিখ ১ জানুয়ারি ২০১১ থেকে ৩১ ডিসেম্বর ২০১১ সাল।
৩য় শ্রেণিতে ভর্তির জন্য জন্ম তারিখ ১ জানুয়ারি ২০১০ থেকে ৩১ ডিসেম্বর ২০১০ সাল।
৪র্থ শ্রেণিতে ভর্তির জন্য জন্ম তারিখ ১ জানুয়ারি ২০০৯ থেকে ৩১ ডিসেম্বর ২০০৯ সাল।
৫ম শ্রেণিতে ভর্তির জন্য জন্ম তারিখ ১ জানুয়ারি ২০০৮ থেকে ৩১ ডিসেম্বর ২০০৮ সাল।
যাদের জন্ম তারিখ উপরে উল্লেখিত সময়সীমার মধ্যে কেবল তারাই আবেদন করতে পারবে।

৬। ভর্তিচ্ছু শিক্ষার্থী ০১/১১/২০১৮ তারিখ থেকে ১৭/১১/২০১৮ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদনপত্র সংগ্রহ এবং সঠিকভাবে আবেদন পত্র পূরণ করে প্রয়োজনীয় সনদপত্রসহ ১৮/১১/২০১৮ থেকে ২২/১১/২০১৮ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তিচ্ছু শাখায় (মতিঝিল/বাসাবো) জমা দিবে।

৬ষ্ঠ ও ৯ম শ্রেণির ভর্তিচ্ছু শিক্ষার্থী ০১/১১/২০১৮ তারিখ থেকে ১৭/১১/২০১৮ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদনপত্র সংগ্রহ করে আবেদন ফরম পিইসি ও জেএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পরের দিন ফলাফলের কপিসহ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তিচ্ছু শাখায় (মতিঝিল/বাসাবো) জমা দিবে।

৭। শাখাস্কুল (বাসাবো)-এ অধ্যয়নরত কোন ছাত্র-ছাত্রী মূলস্কুল (মতিঝিল)-এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ধরনের কোন তথ্য পাওয়া গেলে ভর্তি বাতিল করা হবে।

৮। অভিভাবকবৃন্দকে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ি অনলাইনে ফরম পূরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনক্রমেই আবেদন ফরম পূরণ করা যাবে না।

৯। লটারি/ভর্তি পরীক্ষার জন্য আবেদন ফরম ও প্রবেশ পত্রে একই নম্বর থাকবে। উক্ত সিরিয়াল নম্বরই লটারি/ভর্তি পরীক্ষার রোল নম্বর হিসেবে গণ্য হবে।

১০। প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে অনলাইনে আপলোড করতে হবে। “শিওরক্যাশ” **(পেমেন্ট কি- ওয়ার্ড : MMSCF)** এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করতে হবে। নির্ধারিত ফি-এর কম বা বেশি প্রদান করলে আবেদনপত্র সংগ্রহ করা যাবে না।

১১। ভর্তিচ্ছু শিক্ষার্থী যমজ ভাই-বোন হলে ভর্তির ক্ষেত্রে পিতার পৃথক মোবাইল নম্বর ও পৃথক ট্রানজেকশন আইডি ব্যবহার করতে হবে।

১২। **ভর্তির আবেদন পত্রের মূল্য :** অনলাইনে আবেদন পত্রের মূল্য ২০০/- (দুইশত) টাকা। অনলাইন সার্ভিস চার্জ ৫/- (পাঁচ) টাকা। মোট ২০৫/- (দুইশত পাঁচ) টাকা “শিওরক্যাশ”-এর মাধ্যমে প্রদান করতে হবে।

১৩। শিক্ষা সেবা অঞ্চল (ক্যাচমেন্ট এরিয়া) :

- ❖ মূলস্কুল (মতিঝিল) : মতিঝিল থানার অন্তর্ভূক্ত অঞ্চলে বসবাসকারী বৈধ বাসিন্দার সন্তান।
- ❖ শাখাস্কুল (বাসাবো) : সবুজবাগ থানার অন্তর্ভূক্ত অঞ্চলে বসবাসকারী বৈধ বাসিন্দার সন্তান।

১৪। শিক্ষা সেবা অঞ্চল, মুক্তিযোদ্ধা, শিক্ষামন্ত্রণালয় ও প্রতিবন্ধী কোটার জন্য আলাদা অপশন থাকবে। উল্লিখিত বিভিন্ন কোটার জন্য অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সাথে কোটার স্বপক্ষের সত্যায়িত প্রমাণপত্র নির্ধারিত দিন ফরমের সাথে জমা দিতে হবে। একজন প্রার্থী কেবলমাত্র একটি কোটা নির্বাচন করতে পারবে। কোটা ভিত্তিক প্রয়োজনীয় কাগজপত্র নিম্নরূপ :

- ❖ **শিক্ষা সেবা অঞ্চল :** প্রার্থীকে বসবাসকারী স্থানের কাউন্সিলরের স্বাক্ষরিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। উল্লেখ্য মতিঝিল এজিবি কলোনির প্রার্থীকে পিতা-মাতার নামে ইস্যুকৃত এ্যালোটমেন্ট ও পজেশন লেটার এবং বিদ্যুৎ বিলের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ❖ **মুক্তিযোদ্ধা কোটা :** সরকারি বিধি মোতাবেক।
- ❖ **শিক্ষা মন্ত্রণালয়ের কোটা :** প্রার্থীকে শিক্ষামন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগ থেকে গৃহীত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি ফরম-এর সাথে জমা দিতে হবে।
- ❖ **প্রতিবন্ধী কোটা :** প্রার্থীকে প্রতিবন্ধীতার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ❖ **লিল্লাহ বোডিং কোটা :** স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র।

১৫। ভর্তি পরীক্ষার উত্তরপত্র প্রতিষ্ঠান থেকে সরবরাহ করা হবে। প্রার্থীকে কলম/বলপেন ও প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সঙ্গে আনতে হবে।

১৬। ভর্তি পরীক্ষায় অর্জিত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী তালিকা ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে।

১৭। মূলস্কুলের অপেক্ষমান তালিকা থেকে শাখাস্কুলে শূন্য আসনের ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি করা যেতে পারে।

১৮। প্রার্থীর জন্ম নিবন্ধন সনদ, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষার প্রবেশপত্র, প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র, সনদ এবং ৮ম শ্রেণির জেএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে। কেবল সম্পূর্ণ পূরণকৃত নির্ভুল ফরম গ্রহণযোগ্য হবে।

বি.দ্র.- ছাত্র-ছাত্রীদের শ্রেণি কার্যক্রম শুরুর সময় :

প্রভাতি শাখা	৭:৩০ – ১২:০০
দিবা শাখা	১২:৩০ – ৫:৩০

মূলস্কুল	
প্রভাতি শাখা	বাংলা মাধ্যম : ১ম থেকে ৯ম- ছাত্রী ইংলিশ ভার্সন : ১ম থেকে ৫ম- ছাত্র-ছাত্রী ইংলিশ ভার্সন : ৬ষ্ঠ ও ৭ম- ছাত্রী
দিবা শাখা	বাংলা মাধ্যম : ১ম থেকে ৯ম- ছাত্র ইংলিশ ভার্সন : ৬ষ্ঠ ও ৭ম- ছাত্র

বাসাবো শাখা	
প্রভাতি শাখা	বাংলা মাধ্যম : ১ম থেকে ৯ম- ছাত্রী ইংলিশ ভার্সন : ১ম ও ২য়- ছাত্র-ছাত্রী
দিবা শাখা	বাংলা মাধ্যম : ১ম থেকে ৯ম- ছাত্র

সেলিনা শামসী
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)